বরিশাল বিশ্ববিদ্যালয়

ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ: ২০১৪-২০১৫

স্মারক নং বিইউ/রেজি/ভর্তি-২০১৪-১৫/২৩৪/১৬০২ তারিখ: ২১-০৮-২০১৪

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ৪ বছর মেয়াদী ১ম বর্ষ স্নাতক (সম্মান) কোর্সের বিভিন্ন ইউনিটে ভর্তির জন্য নিম্নোক্ত যোগ্যতাসম্পন্ন ছাত্র-ছাত্রীদের কাছ থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদন আহ্বান করা যাচ্ছে। **আবেদন মোবাইল ফোনের মাধ্যমে গ্রহণ করা হবে।**

আবেদন ফি: ৪৯৫.০০ + ৫৫.০০ (সার্ভিস চার্জ), মোট ৫৫০.০০ (পাঁচশত পঞ্চাশ) টাকা।

আবেদন গ্রহণের তারিখ: ২৫ আগস্ট ২০১৪ থেকে ১৪ সেপ্টেম্বর ২০১৪ পর্যন্ত দিন-রাত যে কোন সময় আবেদন করা যাবে।

ভর্তির যোগ্যতা:

যে সকল ছাত্র-ছাত্রী ২০১০ থেকে ২০১২ সালের মধ্যে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় এবং ২০১৩ অথবা ২০১৪ সালে উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং যাদের নিম্নবর্ণিত যোগ্যতা রয়েছে ও যারা ভর্তি নির্দেশিকায় উল্লিখিত অন্যান্য শর্ত পূরণ করে তারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য বলে বিবেচিত হবে। ভর্তি নির্দেশিকা বিশ্ববিদ্যালয় website: **www.barisaluniv.edu.bd, www.barisaluniv.ac.bd** - এ পাওয়া যাবে।

ইউনিটসমূহ ও ন্যূনতম যোগ্যতা:

*** ক- ইউনিট (KA Unit) - বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ এবং জীববিজ্ঞান ও কৃষি অনুষদ: গণিত, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, রসায়ন, সয়েল এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস, বোটানি এন্ড ক্রপ সায়েন্স, জিওলজি এন্ড মাইনিং এবং ফিজিক্স বিভাগ।** এ ইউনিটে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের মাধ্যমিক বা সমমান এবং উচ্চ মাধ্যমিক বা সমমান দুই পরীক্ষায় বিজ্ঞান বা কৃষিবিজ্ঞান শাখায় চতুর্থ বিষয়সহ মোট জিপিএ ৭.০০ পেতে হবে, তবে কোনো পরীক্ষায় জিপিএ ৩.০০ এর নিচে গ্রহণযোগ্য নয়।

*** খ-ইউনিট (KHA Unit) - কলা ও মানবিক অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ এবং আইন অনুষদ: বাংলা, ইংরেজি, সমাজবিজ্ঞান, লোক প্রশাসন, অর্থনীতি, পলিটিক্যাল সায়েন্স এবং আইন বিভাগ।** এ ইউনিটে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের মাধ্যমিক বা সমমান এবং মানবিক শাখায় উচ্চ মাধ্যমিক বা সমমান দুই পরীক্ষায় চতুর্থ বিষয়সহ মোট জিপিএ ৬.০০ পেতে হবে, তবে কোনো পরীক্ষায় জিপিএ ৩.০০ এর নিচে গ্রহণযোগ্য নয়।

*** গ-ইউনিট (GA Unit) - বিজনেস স্টাডিজ অনুষদ: মার্কেটিং, ম্যানেজমেন্ট স্টাডিজ, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস এবং ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ।** এ ইউনিটে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের মাধ্যমিক বা সমমান ও ব্যবসায় শিক্ষা শাখায় উচ্চ মাধ্যমিক বা সমমান/ডিপ্লোমা-ইন-কমার্স/ডিপ্লোমা-ইন-বিজনেস/ বিজনেস ম্যানেজমেন্ট দুই পরীক্ষায় চতুর্থ বিষয়সহ মোট জিপিএ ৬.৫০ পেতে হবে, তবে কোনো পরীক্ষায় জিপিএ ৩.০০ এর নিচে গ্রহণযোগ্য নয়।

*** ঘ-ইউনিট (GHA Unit) - শাখা পরিবর্তন ইউনিট: বাংলা, ইংরেজি, গণিত, সমাজবিজ্ঞান, লোকপ্রশাসন, অর্থনীতি, পলিটিক্যাল সায়েন্স, আইন, মার্কেটিং, ম্যানেজমেন্ট স্টাডিজ, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস এবং ফিন্যান্স এন্ড ব্যাংকিং।** এ ইউনিটে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের মাধ্যমিক বা সমমান ও উচ্চ মাধ্যমিক বা সমমানের দুই পরীক্ষায় মোট জিপিএ মানবিক শাখার ক্ষেত্রে চতুর্থ বিষয়সহ ৬.০০, ব্যবসায় শিক্ষা/ডিপ্লোমা-ইন-কমার্স/ডিপ্লোমা-ইন-বিজনেস/ বিজনেস ম্যানেজমেন্ট শাখার ক্ষেত্রে ৬.৫০ এবং বিজ্ঞান/কৃষি বিজ্ঞান/গার্হস্থ্য অর্থনীতি শাখার ক্ষেত্রে ৭.০০ পেতে হবে, তবে কোনো পরীক্ষায় জিপিএ ৩.০০ এর নিচে গ্রহণযোগ্য নয়।

জিসিই: ২০১০ অথবা তারপরে পাসকৃত O-Level পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে এবং ২০১৩ অথবা ২০১৪ সনের A-Level পরীক্ষায় অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। O-Level এবং A-Level-এর মোট ৭টি বিষয়ের মধ্যে ৪টি বিষয়ে কমপক্ষে বি-গ্রেড ও ৩টি বিষয়ে কমপক্ষে সি-গ্রেড থাকতে হবে। উল্লেখ্য বিদেশ থেকে প্রাপ্ত অন্যান্য সার্টিফিকেট বা ডিপ্লোমার ক্ষেত্রে প্রার্থীকে আবেদনের পূর্বে স্ব স্ব ইউনিট প্রধানের নিকট থেকে সমতা নিরূপণ করিয়ে নিতে হবে। এ ধরণের ভর্তিচ্ছুদের জন্য প্রযোজ্য অন্যান্য তথ্য ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে।

টেলিটক মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে ভর্তির আবেদন করার জন্য আবেদনকারীর করণীয় :

ছাত্র-ছাত্রীকে প্রথমে বরিশাল বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট **www.barisaluniv.edu.bd, www.barisaluniv.ac.bd** অথবা **http://bu.teletalk.com.bd** থেকে ভর্তি নির্দেশিকা ডাউনলোড করে বিস্তারিত জেনে নিম্নলিখিত পদ্ধতিতে ভর্তির জন্য আবেদন করতে হবে।

ক) শিক্ষা বোর্ডের Keyword (বোর্ডের নামের প্রথম তিন অক্ষর)

ঢাকা DHA, চট্টগ্রাম CHI, রাজশাহী RAJ, যশোর JES, কুমিল্লা COM, সিলেট SYL, বরিশাল BAR, দিনাজপুর DIN, মাদ্রাসা MAD, কারিগরি শিক্ষা বোর্ড TEC, ডিপ্লোমা ইন বিজনেস DIB, ডিপ্লোমা ইন কমার্স DIC, বিজনেস ম্যানেজমেন্টে HBM, ‘O’ এবং ‘A’ লেভেলের জন্য GCE, এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় অথবা বিদেশ থেকে প্রাপ্ত সার্টিফিকেট বা ডিপ্লোমার ক্ষেত্রে OTH

খ) ইউনিট সমূহের Keyword

বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ এবং জীববিজ্ঞান ও কৃষি অনুষদ KA, কলা ও মানবিক অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ ও আইন অনুষদ KHA, বিজনেস স্টাডিজ অনুষদ GA, শাখা পরিবর্তন ইউনিট GHA.

গ) কোটায় ভর্তির Keyword

মুক্তিযোদ্ধা কোটা FFQ, উপজাতি কোটা (উপজাতি/অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) TQ, অন্যান্য কোটা OTH। একাধিক কোটার ক্ষেত্রে পরপর কমা দিয়ে স্পেস দিয়ে লিখতে হবে।

ঘ) আবেদন ফরম পূরণের পদ্ধতি

একটি প্রিপেইড টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে Message অপশনে গিয়ে BU লিখে স্পেস দিয়ে এইচএসসি শিক্ষা বোর্ডের নামের Keyword স্পেস দিয়ে এইচএসসি পরীক্ষার রোল নম্বর স্পেস দিয়ে এইচএসসি পরীক্ষার সাল স্পেস দিয়ে এসএসসি শিক্ষা বোর্ডের নামের Keyword স্পেস দিয়ে এসএসসি পরীক্ষার রোল নম্বর স্পেস দিয়ে এসএসসি পরীক্ষার সাল স্পেস দিয়ে কাঙ্ক্ষিত ইউনিটের Keyword লিখে স্পেস দিয়ে কোটা থাকলে কোটার Keyword লিখে ১৬২২২ নম্বরে এসএমএস করতে হবে।

উদাহরণ : BU DHA 123456 2014 BAR 123456 2012 KHA
কোটা থাকলে : BU DHA 123456 2014 BAR 123456 2012 KHA FFQ
একাধিক কোটা থাকলে : BU DHA 123456 2014 BAR 123456 2012 KHA FFQ, TQ, OTH

উপরের এসএমএস টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি এসএমএস এ আবেদনকারীর নাম, ভর্তি পরীক্ষার ফি ও একটি PIN জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন ১৬২২২ নম্বরে আরেকটি এসএমএস পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে BU লিখে স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে PIN লিখে স্পেস দিয়ে আবেদনকারীর **নিজের ব্যবহৃত** যে কোন অপারেটরের একটি মোবাইল নম্বর (পরবর্তীতে প্রার্থীর সাথে যে নম্বরে যোগাযোগ করা হবে) লিখে ১৬২২২ নম্বরে এসএমএস করতে হবে।

সম্মতি জানানোর এসএমএস-এর উদাহরণ: BU YES 654321 01XXXXXXXXX (আবেদনকারীর মোবাইল নম্বর), এখানে **654321** আবেদনকারীর **PIN** নম্বর।

সম্মতি জানানোর পরে আবেদনকারীর টেলিটক মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা (৫৫০ টাকার বেশি) থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়ে একটি এসএমএস-এর মাধ্যমে সাথে সাথেই **User ID** ও **Password** জানিয়ে দেয়া হবে। এই **User ID ও Password** ব্যবহার করে পরবর্তীতে প্রবেশপত্র ডাউনলোড করতে হবে।

উল্লেখিত নিয়মানুযায়ী GCE এর ক্ষেত্রে টেলিটকের মাধ্যমে আবেদনের উদাহরণ: BU GCE 123456 2014 KHA এখানে **123456** এর জায়গায় আবেদনকারীর A-level এর নিজ নিজ candidate নম্বরটি (শেষ sitting এর) বসাতে হবে।

উল্লেখিত নিয়মানুযায়ী উন্মুক্ত বিশ্ববিদ্যালয় অথবা বিদেশ থেকে প্রাপ্ত সার্টিফিকেট বা ডিপ্লোমাধারীদের টেলিটকের মাধ্যমে আবেদনের উদাহরণ:

BU OTH 123456 2014 KHA এখানে **123456** এর জায়গায় আবেদনকারীর শুধুমাত্র এইচএসসি/সমমানের পরীক্ষার রোল নম্বর/ডাটা বসাতে হবে।

ছ) প্রবেশপত্র ডাউনলোড করার পদ্ধতি

আবেদন করার শেষ সময় (১৪ সেপ্টেম্বর ২০১৪) উত্তীর্ণ হওয়ার **৭ (সাত)** দিন পর প্রবেশপত্রের জন্য প্রথমে এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি স্ক্যান করাতে হবে। এরপর Desktop বা যে কোন ফোল্ডারে Save করতে হবে। প্রবেশপত্র ডাউনলোড করতে টেলিটক এর **website: http://bu.teletalk.com.bd** তে গিয়ে প্রথমে নিজ নিজ User ID ও Password দিয়ে ঢুকতে হবে। এরপর Photo ও Signature Upload করার Option পাওয়া যাবে। Photo(300x300 pixel ,file size less than 100 kb) ও Signature (300x80 pixel, file size less than 60 kb) Upload হলে প্রবেশপত্র ডাউনলোড করে ২(দুই) কপি প্রবেশপত্র প্রিন্ট করে নিতে হবে। প্রবেশপত্র দুটোর চিহ্নিত স্থানে এক কপি করে সত্যায়িত রঙিন ছবি দুটি প্রবেশপত্রের যথাস্থানে স্ট্যাপল করতে হবে। এরপর দুটি প্রবেশপত্রের এক কপি পরীক্ষার হলে নিজের কাছে রাখবে এবং অন্য কপি পরীক্ষার হলে সংশ্লিষ্ট পরিদর্শকের নিকট জমা দিবে। প্রবেশপত্রে ছাত্র-ছাত্রীর ইউনিট, নাম ও রোল নম্বর লেখা থাকবে। পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষা কেন্দ্র যথাসময়ে ওয়েবসাইটে এবং বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

- ভর্তি পরীক্ষা এক (১) ঘণ্টা সময়ে একশত বিশ (১২০) নম্বরের এমসিকিউ (MCQ) পদ্ধতিতে গ্রহণ করা হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৩০ নম্বর কাটা হবে। SSC-১৫%, HSC-২৫% ও ভর্তি পরীক্ষা-৬০% ধরে মোট ২০০ নম্বরের মধ্যে মেধা তালিকা তৈরী করা হবে।
- প্রতি পরীক্ষায় পাস নম্বর ৪৮।
- উত্তরপত্রে রোল নম্বর না লিখলে ভর্তি পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।
- ভর্তির অন্যান্য যোগ্যতা, বিশেষ যোগ্যতা, কোটায় ভর্তি সম্পর্কিত তথ্যাদিসহ ভর্তি পরীক্ষা সম্পর্কিত যাবতীয় তথ্য ওয়েবসাইটে প্রকাশিত ভর্তি নির্দেশিকা থেকে জানা যাবে।
- সংশ্লিষ্ট ইউনিটের পরীক্ষা সম্পর্কিত তথ্য জানতে সকাল ১০ টা থেকে রাত ০৮ টার মধ্যে হেল্পলাইনে যোগাযোগ করা যাবে।
  হেল্পলাইনের নম্বরসমূহ- 'ক' ইউনিটঃ 01846054641, 01790066461; 'খ' ইউনিটঃ 01846054642, 01790066462; 'গ' ইউনিটঃ 01846054643, 01790066463; 'ঘ' ইউনিটঃ 01845379104, 01790066464।
- ভর্তি পরীক্ষার সময় প্রার্থীর ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংবলিত ডাউনলোডকৃত প্রবেশপত্র, এইচএসসি/সমমানের পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড, A-level এর Statement of Entry এর মূলকপি পরীক্ষার হলে নিয়ে আসতে হবে যা নিরীক্ষা শেষে ফেরত দেয়া হবে। ডাউনলোডকৃত প্রবেশপত্র (২ কপি রঙিন সত্যায়িত ছবি সংযুক্ত), ছবিযুক্ত মূল রেজিস্ট্রেশন কার্ড অথবা Statement of Entry ছাড়া ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
- ভর্তি নির্দেশিকায় উল্লিখিত নিয়মাবলী ছাত্র-ছাত্রীদেরকে অনুসরণ করতে হবে। ভর্তি বিজ্ঞপ্তি/ভর্তি নির্দেশিকায় উল্লেখ নেই, ভর্তি সংক্রান্ত এমন কোন তথ্য জানতে হলে সংশ্লিষ্ট ইউনিট কার্যালয়ে/ উপরে উল্লিখিত হেল্পলাইনে যোগাযোগ করতে হবে।
- ভর্তি সংক্রান্ত নিয়ম নীতির যে কোন ধারা ও উপধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

স্বা/-
(মো. মনিরুল ইসলাম)
রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)